



Class- V

Sub- 2nd language (Bengali)

Time- 30minutes

Topic- Poem

Date- 16/06/2020

Worksheet- 21

নিচে একটি কবিতা, ওই কবিতার মূলবক্তব্য, এবং সেই কবিতার অন্তর্গত কিছু শব্দার্থ ও বানান দেওয়া হল। তোমরা কবিতাটি এবং বানান ও শব্দার্থ গুলি মুখস্থ করে না দেখে লেখো।

বি.দ্র: তোমরা স্কুলের খাতা পেয়ে গেলে সমস্ত উত্তর ওই খাতাতেই লিখবে। দ্বিতীয় ভাষা বাংলার জন্য দুদিকে single-ruled খাতা ব্যবহার করবে। খাতার প্রথম পাতাটি তোমরা index -এর জন্য ব্যবহার করতে পারো।



মায়ের দেওয়া মোটা কাপড়
মাথায় তুলে নে রে ভাই।
দীন-দুঃখিনী মা যে মোদের
তার বেশি আর সাধ্য নাই।
সেই মোটা সূতোর সঙ্গে মায়ের
অপার স্নেহ দেখতে পাই,
আমরা এমনি পাষণ, তাই ফেলে ওই
পরের দোরে ভিক্ষা চাই।

ওই দুঃখী মায়ের ঘরে তোদের
সবার প্রচুর অন্ন নাই।
তবু তাই বেচে কাচ সাবান মোজা
কিনে করলি ঘর বোঝাই।
আয় রে আমরা মায়ের নামে,
এই প্রতিজ্ঞা করব, ভাই।
পরের জিনিস কিনব না, যদি
মায়ের ঘরে জিনিস পাই।



কবিতাটির মূলভাব:

কবিতাটিতে কবি স্বদেশকে 'মা' বলেছেন। তাঁর কথায় স্বদেশ মাতা যা আমাদের দিচ্ছেন তা যেন আমরা মাথায় করে নিই। আমাদের দেশ মাতার খুব বেশি দেওয়ার সামর্থ্য নেই। অল্পেই আমাদের সন্তুষ্ট হওয়া উচিত। তাহলে আমাদের আর বিদেশের মুখপানে তাকিয়ে থাকতে হবে না। দেশমাতার মোটা সুতোর কাপড়ে যে স্নেহের স্পর্শ রয়েছে তা উপলব্ধি করতে না পেলে আমরা পাষণ হৃদয় নিয়ে কেবলই 'পরের দোর' অর্থাৎ বিদেশের মুখ পানে চেয়ে থাকি। আমাদের দেশ ভারত খুবই গরিব দেশ। যেখানে বিলাসিতা করার মত ধন-সম্পদ হয়তো নেই, কিন্তু তাও এখানে আমাদের আনন্দের কোনো ঘাটতি নেই। তাই আমাদের উচিত সকল দেশবাসী এক

হয়ে দেশমাতৃকার নামে প্রতিজ্ঞা করা এই যে, যদি আমরা দেশের জিনিস দিয়ে আমাদের চাহিদা পূরণ করতে পারি তাহলে আমরা কখনই বিদেশের জিনিসের মুখাপেক্ষী হবে না।

শব্দার্থ:

দীন- গরীব

দুঃখিনী- দরিদ্র

সাধ্য- ক্ষমতা

অপার-অসীম

স্নেহ- প্রেম

পাষণ- নির্ভুর

দোবে- দরজায়

প্রচুর- অনেক

অল্প- খাদ্যবস্তু

বোঝাই- পূর্ণ

প্রতিজ্ঞা- শপথ

বানান:

দুঃখিনী

সাধ্য

স্নেহ

ভিক্ষা

প্রতিজ্ঞা